

# সূত্র

প্রিন্ট: ২১ সেপ্টেম্বর ২০২৫, ০৩:৫২ পিএম

সারাদেশ

## কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে ৩৯ শিক্ষক- কর্মকর্তাকে শোকজ



ত্রিশাল (ময়মনসিংহ) প্রতিনিধি

প্রকাশ: ১৭ সেপ্টেম্বর ২০২৫, ১০:৫৮ পিএম



একাডেমিক ও প্রশাসনিক দায়িত্বে অনিয়ম-দুর্নীতির অভিযোগে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ১৯ জন শিক্ষক ও ২০ জন কর্মকর্তা-কর্মচারীকে কারণ দর্শানোর (শোকজ) নোটিশ দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর) বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কমিটি এ নোটিশ দেয়। আগামী ১০ কার্যদিবসের মধ্যে তাদের কাছে ব্যাখ্যা চাওয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, গণ-অভ্যুত্থানপরবর্তী সময়ে বিশ্ববিদ্যালয়ের পূর্বে ঘটে যাওয়া অনিয়ম-দুর্নীতির তথ্য সংগ্রহে একটি সত্যানুসন্ধান কমিটি গঠন করা হয়। পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্যদের সমন্বয়ে প্রশাসনিক অনিয়ম ও দুর্নীতিসংক্রান্ত তদন্ত কমিটি, একাডেমিক অনিয়ম ও দুর্নীতিসংক্রান্ত তদন্ত কমিটি এবং বিভিন্ন সময়ে ক্যাম্পাসে সংঘটিত ঘটনার তথ্য যাচাই-বাছাইসংক্রান্ত তদন্ত কমিটি নামে ৩টি পৃথক কমিটি গঠন করা হয়।

কমিটি তিনটির প্রধান হিসেবে আছেন বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য ডা. মো. মাহবুবুর রহমান, এম জাকির হোসেন খান এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের অধ্যাপক ড. মো. আখতার হোসেন মজুমদার। এসব কমিটির পক্ষ থেকে ১৯ জন শিক্ষক ও ২০ জন কর্মকর্তা-কর্মচারীকে কারণ দর্শানোর জন্য বলা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. মিজানুর রহমান জানান, সিন্ডিকেটে গঠিত তিনটি তদন্ত কমিটি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্তরে ঘটা অনিয়ম-দুর্নীতি তদন্ত করছে। যাদের বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে এবং প্রাথমিকভাবে তথ্য-প্রমাণ মিলেছে, তাদের শোকজ করা হয়েছে। তাদের জবাব নেওয়ার পর এবং চূড়ান্ত প্রতিবেদন আমাদের কাছে এলে বিস্তারিত বলা যাবে। এখন তদন্ত কমিটিতেই বিষয়গুলো আছে। তদন্ত কমিটির সুপারিশের আলোকে পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে।

